দৈনিক আমাদের সময়

01 SEP 2016

তারিখ ... 01 AUG 2016 ... পৃষ্ঠা 2 ... কলাম 2

পরিচালনা পর্ষদের সভাপতি

# ভিকারুননিসায় মন্ত্রীর পিএস আইডিয়ালে মোল্লা জালাল

নিজস্ব প্রতিবেদক ●

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের একান্ত সচিব (পিএস) নাজমুল হক খানকে রাজধানীর ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের গভর্নিং বডির সভাপতি করা হয়েছে। চার সদস্যের এডহক কমিটিতে বাকি সদস্যরা হচ্ছেন অভিভাবক এনামুল হক আবুল, শিক্ষক অপরেশ চন্দ্র সাহা ও সদস্যসচিব করা হয়েছে প্রতিষ্ঠানের (ভারপ্রাপ্ত) অধ্যক্ষ সুফিয়া খাতুনকে। গতকাল ঢাকা বোর্ড চেয়ারম্যান প্রফেসর মাহবুবুর রহমান আমাদের সময়কে জানান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি সংক্রান্ত প্রবিধানমালা-২০০৯-এর ৩৯ ধারায় এই কমিটি অনুমোদন করে ঢাকা শিক্ষা বোর্ড। কমিটির মেয়াদ থাকবে আগামী ছয় মাস। ওই সময়ের মধ্যে অবশ্যই বিধি মোতাবেক নিয়মিত গভর্নিং বডি গঠন করে বোর্ডের অনুমোদন নিতে হবে। বোর্ডের পৃথক আদেশে মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের গভর্নিং বডির সভাপতি করা হয়েছে শিক্ষামন্ত্রীর সাবেক পিএস ও মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. মোল্লা জালালকে। উইলস লিটল ফ্লাওয়ার স্কুল অ্যান্ড কলেজের সভাপতির দায়িত্ব দেওয়া হয়েছে ঢাকা জেলা প্রশাসককে।